



প্রেস বিজ্ঞপ্তি

জাবি প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা আজ শুরু ॥ প্রথম দিনে 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২২ সেপ্টেম্বর ২০১৯।

আজ 'এ' ইউনিটভুক্ত গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ভর্তি পরীক্ষার মাধ্যমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষা চলবে ১ অক্টোবর পর্যন্ত। মাঝে ২৭ ও ২৮ সেপ্টেম্বর শুক্র ও শনিবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। এবার প্রায় ২ হাজার সিটের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৩ লাখ ৬০ হাজার। উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম আজ বিজনেস ফ্যাকাঙ্কিতে ভর্তি পরীক্ষার হল পরিদর্শন করেন এবং পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানান।

'এ' ইউনিটভুক্ত গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদে ছাত্রদের ২৩৫ এবং ছাত্রীদের ১৭৫, মোট ৪১০ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৬৮ হাজার ৮৯৫জন। 'এইচ' ইউনিটভুক্ত আইআইটির ছাত্রদের ২৮ এবং ছাত্রীদের ২৮, মোট ৫৬ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ১৯ হাজার ৭৯৮জন।

'ডি' ইউনিটভুক্ত জীববিজ্ঞান অনুষদে ছাত্রদের ১৬০ এবং ছাত্রীদের ১৬০, মোট ৩২০ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৭৬ হাজার ৫৪০জন। 'জি' ইউনিটভুক্ত আইবিএ- জেইউ-এর ছাত্রদের ২৫ এবং ছাত্রীদের ২৫, মোট ৫০ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৯ হাজার ৫৮৮জন। 'এফ' ইউনিটভুক্ত আইন অনুষদে ছাত্রদের ৩০ এবং ছাত্রীদের ৩০, মোট ৬০ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৩৫ হাজার ৭৩জন। 'আই' ইউনিটভুক্ত বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউটে ছাত্রদের ১৫ এবং ছাত্রীদের ১৫, মোট ৩০ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৯ হাজার ৫৫৬জন। 'সি' ইউনিটভুক্ত কলা ও মানবিকী অনুষদে ছাত্রদের ২১৯ এবং ছাত্রীদের ২১৮, মোট ৪৩৭ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৬০ হাজার ৬১৪জন। 'ই' ইউনিটভুক্ত বিজনেস স্টাডিজ অনুষদে ছাত্রদের ১০০ এবং ছাত্রীদের ১০০, মোট ২০০ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ২০ হাজার ৮৫৬জন। 'বি' ইউনিটভুক্ত সমাজবিজ্ঞান অনুষদে ছাত্রদের ১৬৩ এবং ছাত্রীদের ১৬৩, মোট ৩২৬ আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ৪৯ হাজার ৮৩৫জন।

ভর্তি পরীক্ষার প্রথম শিফট শুরু হয় প্রতিদিন সকাল ৯টায়। প্রতিদিন ৬ শিফটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ষষ্ঠ শিফট শেষ হয় ৫.৪০ মিনিটে।

আগামীকাল ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে 'এ' ইউনিটের অবশিষ্ট আবেদনকারী এবং এইচ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা সম্পন্ন হওয়ার তিন দিনের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে।

ভর্তি পরীক্ষার তথ্য ও বিস্তারিত সূচি www.ju-admission.org থেকে জানা যাবে।

পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস